**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 25.03.24** **Time: 7.35 P.M.**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) বিজেপি রাজ্যে লোকসভা নির্বাচনে দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

২) নির্বাচনের আগে শাসক দল আশ্রিত দুষ্কৃতীদের আটক করার দাবি জানিয়েছে বিজেপি।

৩)লোকসভা নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ করতে এপ্রিলের শুরুতেই আরও ২৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসছে।

৪) আজ দোলযাত্রা। রঙের উৎসবে মেতে উঠেছেন বাংলার মানুষ।

৫) দোলযাত্রা উপলক্ষে পূর্ব রেলের শিয়ালদহ ও হাওড়া ডিভিশনে বেশ কিছু লোকাল ট্রেন বাতিল রয়েছে। মেট্রো রেল পরিষেবাও শুরু হবে দুপুরে।

---

আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপি পঞ্চম দফায় সারাদেশে ১১১ জন প্রার্থীর নামের তালিকা প্রকাশ করেছে। এর মধ্যে পশ্চিমবঙ্গে ১৯টি আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে তারা। প্রত্যাশা মতোই এই তালিকায় লোকসভার প্রার্থী হিসাবে নাম রয়েছে সদ্য তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দেওয়া তাপস রায় এবং অর্জুন সিং-এর। কলকাতা উত্তর থেকে প্রার্থী হয়েছেন তাপস রায়। ব্যারাকপুর থেকে প্রার্থী করা হয়েছে অর্জুন সিংকে। তমলুক থেকে প্রার্থী করা হয়েছে প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে। মেদিনীপুর আসনে বিজেপি, প্রার্থী করেছে আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা পালকে। মেদিনীপুরের বিদায়ী সাংসদ দিলীপ ঘোষকে প্রার্থী করা হয়েছে বর্ধমান-দুর্গাপুর

লোকসভা কেন্দ্রে। বসিরহাট আসনে বিজেপি প্রার্থী হয়েছেন সন্দেশখালির প্রতিবাদী, গৃহবধূ রেখা পাত্র।

এছাড়া উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন, কলকাতা দক্ষিণ কেন্দ্রে রায়গঞ্জের প্রাক্তন সাংসদ দেবশ্রী চৌধুরী, কৃষ্ণনগরে রাজমাতা অমৃতা রায়,

জলপাইগুড়িতে জয়ন্ত রায়, দার্জিলিং আসনে রাজু বিস্তা, বারাসাতে দলের বর্তমান বিধায়ক স্বপন মজুমদার, বর্ধমান পূর্ব কেন্দ্রে বিধায়ক অসীম কুমার সরকার।

---------------------

বিজেপি লোকসভা নির্বাচনের আগে শাসকদল আশ্রিত দুষ্কৃতিদের আটক করার দাবি জানিয়েছে। কলকাতায় গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই দাবি জানান। এক সাংবাদিক বৈঠকে তিনি অভিযোগ করেন,ভোট ঘোষণার পর থেকেই রাজ্যের বিভিন্ন জায়গায় বিজেপি কর্মীদের উপর আক্রমণ চালানো হচ্ছে।

বাইট

এদিকে, তৃণূল কংগ্রেস নেতা শান্তনু সেন দেশে বেকারত্ব নিয়ে বিজেপির সমালোচনা করেছে।

বাইট

---------------------

বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ উত্তর দিনাজপুরের রায়গঞ্জে ইলেকটোরাল বন্ড নিয়ে সাংবাদিকদের প্রশ্নের মুখে পড়েন। তিনি বলেন, কোন দল কার কাছ থেকে কত টাকা এই বন্ড বাবদ পেয়েছে, তা এখন পরিষ্কার হয়ে যাচ্ছে। পিংলায়

বিজেপি কর্মীকে খুন করা হলেও পুলিশ তা স্বীকার করছে না বলে তিনি অভিযোগ করেন ।

(বাইট – সুকান্ত)

বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেছেন, আদর্শ আচরণবিধি বলবৎ থাকাকালীন যেভাবে দিল্লির মুখ্যমন্ত্রী, আম-আদমী পার্টির নেতা অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করা হয়েছে , তাতে কমিশনকে তোয়াক্কা না করার মনোভাব স্পষ্ট।

(বাইট – বিমান বসু)

মালদা শহরের সানাউল্লা মঞ্চে সি পি আই এম-এর এক কর্মীসভায় এসেছিলেন বিমান বসু। সাংবাদিকদের তিনি জানান, মালদায় দল প্রার্থী না দিলেও, কংগ্রেসের হয়ে প্রচার করবে বামেরা।

---------------------

লোকসভা নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ করতে এপ্রিলের শুরুতেই আরও ২৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসছে। এর মধ্যে সিআরপিএফ আসছে ১৫ কোম্পানি, BSF ৫ ও CISF ৭ কোম্পানি। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক রাজ্য সরকারকে চিঠি দিয়ে একথা জানিয়েছে। আগেই রাজ্যে এসেছে 150 কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। ফলে বাহিনীর মোট সংখ্যা দাঁড়ালো 177 কোম্পানি। ২৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী কোথায় মোতায়েন করা হবে সেব্যাপারে দ্রুত সিদ্ধান্ত নিতে রাজ্য সরকারকে অনুরোধ করেছে নির্বাচন কমিশন।

এদিকে, অতীতে লোকসভা ও বিধানসভা নির্বাচনের সময় যাদের বিরুদ্ধে বুথ দখল, ছাপ্পা ভোট, গুলি চালানোর অভিযোগ রয়েছে, তাদের নামের তালিকা তৈরি করার

জন্য নির্বাচন কমিশন সব জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়মিত পর্যালোচনা করে কমিশনে রিপোর্ট পাঠাতে বলা হয়েছে পুলিশ কমিশনার এবং পুলিশ সুপারদের।

---------------------

বাড়িতে সিবিআইয়ের তল্লাশি অভিযান নিয়ে কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্র নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানিয়েছেন। নির্বাচন ঘোষণার পর সিবিআইয়ের তল্লাশী আদর্শ আচরণের পরিপন্থী কিনা, কমিশনকে লেখা চিঠিতে সেই প্রশ্ন তুলেছেন মহুয়া। তিনি অভিযোগ করেছেন, এই ধরনের তল্লাশি শুধু যে তাঁর প্রচারে বিঘ্ন ঘটাচ্ছে তাই নয়, এর নেতিবাচক প্রভাবও পড়তে পারে। মহুয়া বলেছেন, সংবিধানে, ভোট ঘোষণার পর দেশের রাজনৈতিক দলগুলির মধ্যে সমতা রক্ষা করার কথা বলা হয়েছে। সেই দায়িত্ব রয়েছে নির্বাচন কমিশনের হাতে। কিভাবে তারা এধরনের তল্লাশি চালানোর অধিকার সিবিআই-কে দিচ্ছে, সেই প্রশ্নও তুলেছেন তিনি।

---------------------

সন্দেশখালিতে গত ৫-ই জানুয়ারি ইডি আধিকারিকদের উপর আক্রমণের ঘটনার তদন্তে গতকাল সিবিআই আধিকারিকদের একটি দল সরবেরিয়ায় শেখ শাহজাহান মার্কেটে যায়। কথা বলে ব্যবসায়ীদের সঙ্গে। এরপর শাহজাহান ঘনিষ্ঠ ব্যবসায়ী সাইফুদ্দিন মোল্লাকে সঙ্গে নিয়ে তাঁরা যান শাহজাহানের বাড়ি লাগোয়া এলাকায়। হামলার ঘটনায় অভিযুক্ত, সিবিআই হেফাজতে থাকা সুকোমল সর্দার ও মেহবুর মোল্লা এবং সাইফুদ্দিনকে নিয়ে ৫ তারিখের ঘটনার পুনর্নির্মাণ করেন সিবিআই আধিকারিকরা। সাইফুদ্দিন মোল্লা হামলার সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন বলে খবর। পুনর্নির্মানের পর সিবিআই আধিকারিকরা ন্যাজাট থানার অন্তর্গত রাজবাড়ি পুলিশ ফাঁড়িতে গিয়ে ৫ই

জানুয়ারি ঘটনার তথ্য সংগ্রহ করেন বলে সূত্রের খবর। এরপর সৈফুদ্দিনকে সঙ্গে নিয়ে কলকাতা রওনা হয় সিবিআই-এর দল।

----------------------

আজ দোল যাত্রা ও রঙের উৎসব হোলি। বিপুল উৎসাহ উদ্দীপনায় রাজ্য তথা দেশ জুড়ে পালিত হচ্ছে রঙের উৎসব হোলি। কচি কাঁচা থেকে সব বয়সী মানুষেরাই এ দিন সামিল হয়েছে রঙিন বসন্ত উৎসবে। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

কোলকাতার ইসকন সহ সব ইসকন মন্দিরে গতকাল থেকে শুরু হয়েছে হোলি উৎসব। শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাব উপলক্ষ্যে বাগবাজার গৌড়ীয় মঠের পক্ষ থেকে ভগবত সভা, গৌড় পরিক্রমা, নগর সংকীর্তন সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বেলুড় মঠেও নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে দোলযাত্রা। অশুভ শক্তির বিনাশে দেশের বিভিন্ন স্থানে গতকাল পালিত হয় হোলি কা দহন।

শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাব ও দোলকে ঘিরে মাতোয়ারা নদীয়া। এখানকার কল্যাণীর সতী মা, মায়াপুরের শ্রীচৈতন্য মঠ, ইসকন সহ নবদ্বীপের মঠ মন্দির গুলিতে সাড়ম্বরে চলেছে উৎসব। আমাদের জেলা সংবাদদাতা জানানচ্ছেন,

ভয়েসকাস্ট

এদিকে, দোলযাত্রা উপলক্ষ্যে আজ পূর্ব রেলের শিয়ালদা ও হাওড়া ডিভিশনের বেশ কিছু EMU লোকাল বাতিল করা হয়েছে। সকালে খুব কম সংখ্যক যাত্রী যাতায়াত করছেন। শিয়ালদা ডিভিশনের সব সেকশন মিলিয়ে মোট ২৩৪ এবং হাওড়া ডিভিশনে ৬৫ টি ট্রেন বাতিল থাকছে বলে পূর্ব রেল সূত্রে খবর।

কলকাতা মেট্রো রেলের দক্ষিণেশ্বর – কবি সুভাষ রুটে আজ প্রথম ট্রেন ছাড়বে দুপুর আড়াই-টেয়। রাতের শেষ মেট্রোর সময় অপরিবর্তিত থাকছে। তবে অন্যান্য দিনের তুলনায় ট্রেন চলবে অনেক কম।

এসপ্ল্যানেড – হাওড়া ময়দান এবং শিয়ালদা – সল্টলেক সেক্টর ফাইভ লাইনে পরিষেবা শুরু হবে বেলা ৩-টেয়।

হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড এবং এসপ্ল্যানেড থেকে হাওড়া ময়দানমুখী শেষ ট্রেন ছাড়বে রাত আটটায়।

শিয়ালদা ও সল্টলেক সেক্টর ফাইভ থেকেও শেষ ট্রেন রাত আটটায় ছাড়বে।

নিউ গড়িয়া – রুবি এবং জোকা – তারাতলা লাইনে আজ পরিষেবা বন্ধ থাকছে বলে মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

--------------------- ---------------------